গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
টাঙ্গাইল।
**tangail.judiciary.org.bd**

আদেশ নং-১১৫৮

তারিখ ঃ ০২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ১৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ ।

## *অফিস আদেশ*

ফৌজদারী কার্যবিধির ১৭(২) ও ১৯২(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন তথা আগামী ১৯-১০-২০১৮ হতে ২০-১০-২০১৮ খ্রিঃ তারিখের জন্য সমগ্র টাঙ্গাইল জেলার আমলী (জি.আর/সি.আর) আদালত পরিচালনা করার জন্য সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আশিকুজ্জামান-কে দায়িত্ব প্রদান করা গেল।

তিনি যথাসময়ে আদালতে উপস্থিত হয়ে আমলী (জি.আর/সি.আর) আদালতের মামলা সমুহের জামিন, রিমান্ড, জিম্মা সংক্রান্ত শুনানী গ্রহণ ও নিষ্পত্তি করবেন। তাছাড়া জি.আর আমলা সংক্রান্ত উদ্ভূত আসামীর দোষ স্বীকারমূলক জবানবন্দী সাক্ষীর/ভিকটিমের জবানবন্দি রেকর্ডসহ জরুরী যাবতীয় বিষয়াদি নিষ্পত্তি করবেন।

উল্লিখিত দিনগুলিতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৩য় আদালতের বেঞ্চ সহকারী, স্টেনো-টাইপিস্ট ও অফিস সহায়ক-কে যথাসময়ে আদালতে উপস্থিত থাকার নির্দেশ দেয়া গেল।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৬.১৮/ ৫৬৬(১১)/৬

তারিখ ঃ ০২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ / ১৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
৪। জনাব মোঃ আশিকুজ্জামান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৫। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, টাঙ্গাইল।
৬। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল (তার অধীনস্ত সংশ্লিষ্ট জি.আর.ও দের অবহিতকরণের নির্দেশনাসহ)
৭। পি.এ টু সি.জে.এম টাঙ্গাইল।
৮। কম্পিউটার অপারেটর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
৯। স্টেনো-টাইপিস্ট/বেঞ্চ সহকারী/অফিস সহায়ক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ৩য় আদালত, টাঙ্গাইল।
১০। জনাব মোঃ আলী আশরাফ, ড্রাইভার।
১১। অফিস কপি

১৭/১০/১৮
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।